

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০১৫.২১.৬৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০

০৬ মার্চ ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: ক্যাডার বহির্ভূত সহকারী সচিবগণের জন্য আয়োজিত ‘বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে’ কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিয়াম ফাউন্ডেশনের আঞ্চলিক কেন্দ্র, বগুড়া-তে ক্যাডার বহির্ভূত সহকারী সচিবগণের জন্য ‘বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স’ এর আয়োজন করা হয়েছে। কোর্সটির মেয়াদ ০২ (দুই) মাস যা আগামী ২৭ মার্চ ২০২৪ তারিখে হতে শুরু হবে।

০২। প্রশিক্ষণার্থীদের জন্য উপযুক্ত আবাসন, সুপারিসর প্রশিক্ষণ কক্ষ ও আহারের সুব্যবস্থা রয়েছে। এছাড়া, দৈনিক প্রশিক্ষণ ভাতা ৬০০/- (ছয়শত) টাকা, কিট এলাউন্স জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা, প্রশিক্ষণ সামগ্রি, শিক্ষাসফর ও বিনোদনের ব্যবস্থা রয়েছে।

০৩। উল্লেখ্য, জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষার নীতিমালা, ২০২৩ এর ৭.১ (ক) অনুচ্ছেদ অনুযায়ী ক্যাডার বহির্ভূত কর্মচারীদের জন্য ‘বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে’ অংশগ্রহণের ক্ষেত্রে বসয়সীমা হবে ৫০ বছর। ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা ‘বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে’ অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ১৪ মার্চ ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: আবেদন ফরম।



৬-৩-২০২৪

মোঃ মিনহাজুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ২২৩৩৫৭১১৩

ইমেইল: it3@mopa.gov.bd

কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।